

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম।

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

| সেবা গ্রহীতা | ক্র. নং | সেবার নাম | আবেদন ফরম ও প্রমাণ কাগজপত্র | আবেদন ফরম ও এনওসি প্রাপ্তির স্থান | ফি/চার্জ | প্রাপ্তির সময় (সম্ভাব্য) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | উর্ধতন কর্মকর্তা (যার কাছে আপিল করা যাবে) |
|------------------|---------|--|--|--|--|---|---|---|
| বাংলাদেশী নাগরিক | ১ | মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু (সাধারণ পাসপোর্ট) | ১) অনলাইন/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রজিষ্ট্র ছবিসহ; সত্যায়িত এমআরপি আবেদন ফরম-দুই সেট (ডি,আই,পি ফরম-১); ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ দুই সেট; ৩) পাসপোর্ট ফিস জমা দানের মূল ব্যাংক রসিদ; ৪) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল অনাপত্তি সনদ (NOC) যা ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে এবং এক সেট আবেদন ফর্ম (ডি. আই. পি ফরম-১); ও এক সেট সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ দাখিল করতে হবে। | অধিদপ্তরের ওয়েব সাইট www.dip.gov.bd/w www.passport.gov.bd অথবা যে কোন পাসপোর্ট অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। | সাধারণ ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা | সাধারণ -১৫ (পনের) কর্মদিবস (অনুকূল পুলিশ তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | উপ-সহকারী পরিচালক/সহকারী পরিচালক কক্ষ নং- ১০৫ | পরিচালক ফোন নং ০৩১-২৫২৬৯৫৫; ০১৭৩৩৩৯৩ ৩৪৯ ই-মেইল: rpomansurabad@passport.gov.bd |
| | | | | | জরুরী ফি ৬০০০ টাকা + ৯০০ টাকা (১৫% ভ্যাট) = ৬৯০০ টাকা বিঃ দ্রঃ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে সাধারণ ফি প্রযোজ্য। | জরুরী- ৭ (সাত) কর্মদিবস (অনুকূল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | | |
| | ২ | বৈধ হাতে লেখা পাসপোর্ট সারেন্ডার্ড ১২ (বার) বছর অনুত্তীর্ণ (সাধারণ পাসপোর্ট) | ১) অনলাইন/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রজিষ্ট্র ছবিসহ সত্যায়িত এমআরপি আবেদন ফর্ম-এক সেট (ডি.আই.পি ফর্ম-১); ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ - এক সেট; ৩) পূর্ববর্তী পাসপোর্টের ফটোকপি। মূল পাসপোর্ট অবশ্যই সাথে আনতে হবে; ৪) পাসপোর্ট ফিস জমা দানের মূল ব্যাংক রসিদ; ৫) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল অনাপত্তি সনদ (NOC) যা ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে। বিঃ দ্রঃ হাতে লেখা পাসপোর্টের মেয়াদ ১২ বছর উত্তীর্ণ হলে অথবা পূর্ববর্তী পাসপোর্ট প্রদর্শিত নাম/পিতার নাম অথবা মাতার নাম/ স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে অথবা তদন্ত প্রয়োজন হলে দুইসেট ফর্ম দাখিল করতে হবে। | অধিদপ্তরের ওয়েব সাইট www.dip.gov.bd/w www.passport.gov.bd অথবা যে কোন পাসপোর্ট অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। | সাধারণ ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে নবায়ন ফি, প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫ টাকা। | সাধারণ -১৫ (পনের) কর্মদিবস (সম্ভাব্য সময়) | উপ-সহকারী পরিচালক/সহকারী পরিচালক কক্ষ নং- ১০৫ | পরিচালক ফোন নং ০৩১-২৫২৬৯৫৫; ০১৭৩৩৩৯৩ ৩৪৯ ই-মেইল: rpomansurabad@passport.gov.bd |
| | | | | | ফি ৬০০০ টাকা + ৯০০ টাকা (১৫% ভ্যাট) এবং প্রযোজ্য ক্ষেত্রে নবায়ন ফি প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫ টাকা। বিঃ দ্রঃ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে সাধারণ ফি | জরুরী- ০৭ (সাত) কর্মদিবস (সম্ভাব্য সময়) | | |

| | | | | | | | | |
|---|--|---|---|---|--|---|---|--|
| | | | | | প্রযোজ্য। | | | |
| ৩ | রি-ইস্যু (সাধারণ পাসপোর্ট) ইতোপূর্বে মেশিন রিডেবল পাসপোর্ট থাকলে। | ১) হাতে পূরণকৃত রি-ইস্যু আদেন ফর্ম- (ডি.আই.পি ফরম-২); ২) জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ-এক সেট; ৩) পূর্ববর্তী পাসপোর্টের ফটোকপি। মূল পাসপোর্ট অবশ্যই সাথে আনতে হবে; ৪) পাসপোর্ট ফিস জমা দানের মূল ব্যাংক রসিদ; বিঃ দ্রঃ পূর্ববর্তী পাসপোর্টে প্রদর্শিত নাম/পিতা অথবা মাতার নাম/ স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে এক সেট এমআরপি (ডি.আই.পি ফরম -১) ফর্ম দাখিল করতে হবে। এছাড়া পরিবর্তিত তথ্য প্রমাণের জন্য সংশোধিত ডিজিটাল জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি এবং পিএসসি/জেএসসি/এসএসসি/এইচএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি/প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট এর এফিডেভিট (হলফনামা) দাখিল করতে হবে। | অধিদপ্তরের ওয়েব সাইট www.dip.gov.bd/w www.passport.gov.bd অথবা যে কোন পাসপোর্ট অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। | ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা এবং মেয়াদ উত্তীর্ণ হলে নবায়ন ফি, প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট)=৩৪৫ টাকা। | সাধারণ -১৫ (পনের) কর্মদিবস (সম্ভাব্য সময়) | উপ- সহকারী পরিচালক/ সহকারী পরিচালক কক্ষ নং- ১০৫ | পরিচালক ফোন নং ০৩১- ২৫২৬৯৫৫; ০১৭৩৩৩৯৩ ৩৪৯ ই-মেইল: rpomansurabad@passport.gov.bd | |
| | | | | ফি ৬০০০ টাকা + ভ্যাট ৯০০ টাকা (১৫% ভ্যাট) = ৬৯০০ টাকা এবং মেয়াদ উত্তীর্ণ হলে নবায়ন ফি, প্রতি বছরের জন্য ৩০০ টাকা + ৪৫ টাকা (১৫% ভ্যাট)=৩৪৫ টাকা। | জরুরী- ০৭ (সাত) কর্ম দিবস (সম্ভাব্য সময়) | | | |
| ৪ | মেশিন রিডেবল পাসপোর্ট - অফিসিয়াল পাসপোর্ট | ১) অন লাইনে/হাতে পূরণকৃত পাসপোর্ট সাইজ রজিস্ট্রন ছবিসহ সত্যায়িত এমআরপি আবেদন ফর্ম-এক সেট(ডি.আই.পি. ফরম-১); ২) সত্যায়িত জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ; ৩) রাজস্ব খাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী; স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত্ব কর্পোরেশন Ges বিশেষ আইন, অধ্যাদেশ/আদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন কমিশন/অথরিটির প্রাধিকারভুক্ত কর্মকর্তার অনুকূলে ইস্যুকৃত সরকারী আদেশ(গো) এর কপি ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রদর্শন করতে হবে; ৪) প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট ফিস জমা দানের ব্যাংক রসিদ। | অধিদপ্তরের ওয়েব সাইট www.dip.gov.bd/w www.passport.gov.bd অথবা যে কোন পাসপোর্ট অফিস থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। | ১) সরকারী কাজে ইস্যুকৃত সরকারী আদেশ (গো) এর ক্ষেত্রে বিনামূল্যে; ২) চিকিৎসা, পবিত্র হজ্জ পালন এবং তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (গো) ভিত্তিতে ফি ৩০০০ টাকা + ৪৫০ টাকা (১৫% ভ্যাট) = ৩৪৫০ টাকা। | | উপ- সহকারী পরিচালক/ সহকারী পরিচালক কক্ষ নং- ১০৫ | পরিচালক ফোন নং ০৩১- ২৫২৬৯৫৫; ০১৭৩৩৩৯৩ ৩৪৯ ই-মেইল: rpomansurabad@passport.gov.bd | |
| | | | | | জরুরী- ০৭ (সাত) কর্ম দিবস (সম্ভাব্য সময়) | | | |

বিশেষ দৃষ্টব্যঃ

পাসপোর্ট বিতরণের যে সময় ধরা হয়েছে তা সম্ভাব্য। কারিগরী সমস্যা বা বিলম্বিত পুলিশ প্রতিবেদন প্রাপ্তি, আবেদনকারী কর্তৃক যে কোন তথ্য গোপন, ডেমোগ্রাফিক সমস্যা এবং পাসপোর্টের তথ্য পরিবর্তন জনিত ইত্যাদি কারণে পাসপোর্ট ইস্যু ও বিতরণ বিলম্বিত হতে পারে।

সম্মানিত আবেদনকারীদের জ্ঞাতার্থে

(০১) আবেদনপত্রের সাথে দাখিলকৃত যে কোন সনদ/কাগজের মূলকপি কর্তৃপক্ষ দেখতে চাইলে আবেদনকারী দেখাতে বাধ্য থাকবেন। আবেদনপত্রের সাথে দাখিলকৃত সনদের (যেমন-জন্মনিবন্ধন

সনদ/জাতীয় পরিচয় পত্র/পিএসসি/জেএসসি/এসএসসি/এইচএসসি/হলফনামা) সঠিকতা যাচাইয়ের
বিড়ম্বনা এড়াতে মূল কপি নিয়ে আসুন।

- (০২) পাসপোর্ট সংক্রান্ত যে কোন সমস্যার জন্য(যে কোন কর্মদিবসে সকাল ১০.০০ টা হতে দুপুর
০১.০০ টার মধ্যে) পরিচালক/সহকারী পরিচালক সঙ্গে যোগাযোগ করুন। এছাড়াও প্রতি মঙ্গলবার
সকাল ১১.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সেবা প্রত্যাশী জনগনের অভিযোগ সরাসরি
শ্রবণ (গণশুনাগী) এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও পরামর্শ প্রদান করা হয়।
- (০৩) জন্ম নিবন্ধন সনদ অবশ্যই ডিজিটাল অর্থ্যাৎ অনলাইনে থাকতে হবে।
- (০৪) পূর্ববর্তী পাসপোর্ট হারিয়ে গেলে মূল জিডি দাখিল করতে হবে, এক্ষেত্রে ফটোকপি গ্রহণ যোগ্য
নয়।
- (০৫) সোনালী ব্যাংকের পাঁচলাইশ, মিঠাগলি ও আগ্রাবাদ কর্পোরেট শাখা এবং ঢাকা ব্যাংক, ট্রাস্ট
ব্যাংক, ব্যাংক এশিয়া, ওয়ান ব্যাংক এবং প্রিমিয়ার ব্যাংক এর যে কোন শাখায় পাসপোর্ট
আবেদনের ফি জমা করা যায়। পাসপোর্ট ফি জমাদানের মূল রশিদ আবেদন ফরমের উপরে
ডান পার্শ্বে আঠা দিয়ে লাগাতে হবে।
- (০৬) অবসরপ্রাপ্ত রাজস্ব খাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে পেনশন অর্ডার কিংবা পেনশন
বহির ফটোকপি সংযুক্ত করতে হবে এবং তাদের স্বামী/স্ত্রীর ক্ষেত্রে পেনশন বহিতে নাম থাকতে
হবে অথবা স্বামী/স্ত্রী মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্মারক নম্বর সম্বলিত পত্র সংযুক্ত করতে হবে।
- (০৭) রাজস্ব খাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ১৫ (পনের) বছরের কম বয়সী সন্তানদের ক্ষেত্রে
সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্মারক নম্বর সম্বলিত পত্র সংযুক্ত করতে হবে।
- (০৮) শিক্ষাসফরে বিদেশে গমনে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্র অবশ্যই দলগতভাবে হতে
হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষরিত প্রত্যয়নপত্র সংযুক্ত থাকতে হবে।
- (০৯) আবেদন দাখিলের পূর্বে ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা নিজেই যাচাই করে নিন।
- (১০) সঠিক তথ্য দিন, নির্বিঘ্নে নির্ভুল পাসপোর্ট গ্রহণ করুন।